আধুনিক শিক্ষা এবং দেশীয় প্রযুক্তি দিয়ে
ভবিষ্যতের বাংলাদেশ গড়ার প্রত্যয়ে...

অন্যরকম এডটেক
লিমিটেড

# অন্যরকম প্রজন্ম গড়ার প্রত্যয়ে...

আমাদের সন্তানেরা প্রতিভাবান। সুযোগ পেলে তারাও যে বিশ্বের মঞ্চে নিজেদের প্রতিষ্ঠিত করতে পারে, উজ্জ্বল করতে পারে দেশের নাম, এমন বহু নজীর আমরা সাম্প্রতিক সময়ে দেখেছি। যদি শিখন পদ্ধতি আধুনিক এবং যুগোপযোগী হয়, তাহলে আমাদের নতুন প্রজন্মও তাদের ভেতরকার সম্ভাবনা সত্যিকারভাবে কাজে লাগাতে পারবে। গঁৎবাধা মুখস্থ পড়ার বদলে যদি বিজ্ঞান এবং প্রযুক্তি নির্ভর আধুনিক পদ্ধতিতে তারা শিখতে পারে, তবে তাদের শেখার পদ্ধতি হবে আনন্দময়। তারা গড়ে উঠবে কৌতূহলী এবং অনুসন্ধিৎসু হয়ে। অন্যরকম এডটেকের মাধ্যমে আমরা নতুন প্রজন্মের মধ্যে আনন্দের সাথে আধুনিক শিক্ষা পৌঁছে দেয়ার পাশাপাশি তাদেরকে নৈতিকভাবেও মজবুত করে গড়ে তুলতে চাইছি যেন তারা একটি অন্যরকম বাংলাদেশ গড়ে তুলতে পারে।

# আমাদের মূলনীতি

আমরা শুধুই একটি পণ্য বিক্রয় বা সেবাপ্রদানকারী সংস্থা হিসেবে পরিচিত হতে চাই না। আমরা চাই বাংলাদেশের এগিয়ে যাওয়াতে একটা স্থায়ী ছাপ রেখে যেতে, যেন নতুন প্রজন্ম ভবিষ্যতে গড়ে তুলতে পারে আমাদের স্বপ্নের বাংলাদেশকে। এ লক্ষ্যে আমরা চারটি মূলনীতি দ্বারা আমাদের কার্যক্রম পরিচালিত করি। এগুলি হলো-

## • লেগে থাকা

অপার সম্ভাবনার দেশ বাংলাদেশ। আমাদের রয়েছে উর্বর ভূমি এবং জনশক্তি। এই জনশক্তিকে কাজে লাগিয়ে চিন এগিয়ে গেলে আমরা কেন পারবো না? আমাদের মূল যে সমস্যা, সেটা হলো লেগে থেকে কোনোকিছুর শেষ না দেখা। পৃথিবীতে যারা পরিবর্তন নিয়ে এসেছেন, তারা একদিনে কিছু করেন নি। কোনো একটা স্বপ্ন এবং উদ্দেশ্যকে সামনে নিয়ে দিনের পর দিন কাজ করে গেছেন। ব্যর্থ হয়েছেন বারবার, প্রত্যাখ্যাত হয়েছেন, কিন্তু লেগে থাকার সুফল একদিন ঠিকই পেয়েছেন। আমরা চাই আমাদের নতুন প্রজন্ম এখন থেকেই লেগে থাকার এই অসাধারণ গুণটি আয়ত্ত করুক। আমরা আমাদের কার্যক্রমে সবসময় এই কথাগুলি উল্লেখ করি পড়াশোনার ক্ষেত্রে, যখন একজন শিক্ষার্থী চ্যালেঞ্জের সম্মুখীন হয় তারা যেন হাল না ছেড়ে ক্রমাগত চেষ্টা চালিয়ে যায়। নিজের লক্ষ্য এবং প্রতিজ্ঞাতে তারা যেন অবিচল থাকতে পারে আমাদের কার্যক্রমের মাধ্যমে এই বার্তা প্রকাশিত হয়।

## • চিন্তা করার ক্ষমতা

চিন্তা করার ক্ষমতা আমাদের সবারই আছে। কিন্তু আমরা তা কাজে লাগাই না। একটা উন্নয়নশীল এবং ঘনবসতিপূর্ণ দেশ হিসেবে আমাদের সমস্যার অন্ত নেই। এইসব সমস্যার সমাধানের জন্যে প্রয়োজন আধুনিক দৃষ্টিভঙ্গি এবং গভীর চিন্তা। আমাদের প্রচলিত শিক্ষা ব্যবস্থায় সমস্যার গভীরে গিয়ে ভাবা এবং প্রশ্ন করাকে উৎসাহিত করা হয় না। আমরা এই প্রক্রিয়াটি চালিয়ে যাচ্ছি আমাদের কার্যক্রমের মাধ্যমে। হাতে-কলমে শিক্ষা এবং বাস্তব উদাহরণের মাধ্যমে পাঠ্যপুস্তকের সূত্র বুঝিয়ে পড়ানোর পাশাপাশি আমরা শিক্ষার্থীদের উৎসাহিত করি প্রশ্ন করতে এবং শুধুমাত্র পরীক্ষার জন্যে প্রস্তুতি না নিয়ে পাঠের বিষয়টি নিয়ে গভীরভাবে ভাবতে।

## • নৈতিকতা

আমরা বিশ্বাস করি নৈতিক অবকাঠামোর উন্নতি ব্যতীত একটি জাতি সভ্য হতে পারে না। শিক্ষা-দীক্ষায় যতই এগিয়ে থাকুক, একজন মানুষ যদি নৈতিকভাবে উন্নত না হয়, তার দ্বারা আমাদের দেশ শুধু ক্ষতির শিকারই হবে। পড়ালেখা শিখে একজন শিক্ষার্থী মেধাবী ইঞ্জিনিয়ার হতে পারে, কিন্তু সে যদি তার মেধা অসৎ পথে ব্যবহার করে, সেক্ষেত্রে তার দ্বারা ক্ষতির সম্ভাবনা বহুগুণ বেড়ে যায়। আমাদের দেশের শিক্ষা কার্যক্রমে সম্প্রতি নৈতিক শিক্ষার বিষয়টি সেভাবে গুরুত্ব দেয়া হয় না। কিন্তু আমরা এটা শিক্ষা কার্যক্রমের একটা অবশ্যম্ভাবী উপাদান হিসেবে মনে করি।

## • আত্মবিশ্বাস

আত্মবিশ্বাস হলো সাফল্যের চাবিকাঠি। নিজের প্রতি বিশ্বাস থাকলে এমন কিছু করে ফেলা সম্ভব, যা ধারণারও অতীত। আমরা আমাদের শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রমের পাশাপাশি নিজে থেকে বিভিন্ন কাজ করতে উৎসাহিত করি। আমাদের কর্মচারীদের মধ্যেও এই প্রবণতা তৈরি করতে আমরা সবসময় সচেষ্ট। স্বেচ্ছাসেবামূলক কাজ এবং নিজের উদ্যোগে নতুন কিছু করাকে আমরা উৎসাহিত করি। আমাদের অনেক শিক্ষার্থী এই ধরণের কার্যক্রমের সাথে জড়িত।

# আমাদের পণ্য এবং সেবাসমূহ

উৎকর্ষ একটি অনলাইনভিত্তিক শিক্ষা প্লাটফর্ম। পৃথিবীটা এখন খুব দ্রুত বদলাচ্ছে। সেইসাথে বদলাচ্ছে আমাদের শেখার প্রক্রিয়া। উৎকর্ষের মাধ্যমে আমরা দিতে চাই সেই আধুনিক শিখন পদ্ধতি। আমাদের ক্লাসগুলিতে পাঠ্যবিষয় নানারকম অ্যানিমেশন, সিমুলেশনস এবং বাস্তব উদাহরণ সহ দেখানো হয়। ফলে  শিক্ষার্থীরা পাঠ্যবিষয়গুলি আনন্দের সাথে শিখতে পারে।

বিজ্ঞানবাক্স হলো বাংলাদেশের প্রথম এবং এখন পর্যন্ত একমাত্র সায়েন্স কিট। এতে বিভিন্ন রকম উপকরণ থাকে, যা দিয়ে নানারকম সায়েন্টিফিক এক্সপেরিমেন্ট করা যায়। বিজ্ঞানবাক্স মূলত ছয় বছর এবং তার বেশি বয়সী ছেলেমেয়েদের জন্য তৈরি।

বিজ্ঞানবাক্সের সাথে থাকে একটি সহায়ক বই এবং ভিডিও টিউটোরিয়াল। ম্যানুয়াল বইটিতে খুব সহজ ভাষায় প্রতিটি এক্সপেরিমেন্ট কীভাবে করা হবে তার বর্ণনা দেয়া থাকে। শুধু তাই না, কেন এবং কীভাবে এক্সপেরিমেন্ট গুলো করা হচ্ছে তার চিত্রসহ ব্যাখ্যাও দেয়া থাকে। ফলে বিজ্ঞান নিয়ে খেলতে খেলতেই শিশুরা অনেক কিছু শিখতে পারে।

# কোর্সসমূহ

## • SSC Practical (Free)

আমাদের দেশের অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানেই প্রয়োজনীয় ল্যাব সুবিধা নেই। ফলে শিক্ষার্থীরা হাতে-কলমে তাদের অর্জিত শিক্ষা কাজে লাগিয়ে দেখতে পারে না। এসএসসি প্র্যাকটিকাল কোর্সের মাধ্যমে পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত এবং জীববিজ্ঞানের পাঠ্যক্রমের ব্যবহারিক ক্লাসগুলি করে দেখানো হয়।

## • HSC Year Revise (Free)

কলেজের প্রথম বর্ষ শেষ করার পর বিষয়গুলি ঝালাই করে নেয়ার জন্যে ফ্রি কোর্স। দ্বিতীয় বর্ষ শুরু করার আগে এই কোর্সটি শিক্ষার্থীদের আত্মবিশ্বাস যোগাবে।

## • HSC Science Fundamental (Free)

যারা এসএসসি পাশ করে কলেজে কেবল ক্লাস শুরু করলো তারা অনেককিছুই না বুঝে পড়ে আসে। এইচএসসির বিশাল সিলেবাসের সামনে পড়ে তারা দিশেহারা বোধ করে। তাদেরকে সঠিক দিক নির্দেশনা দেয়ার জন্যে পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত এবং জীববিজ্ঞানের নির্বাচিত কিছু অধ্যায়ের ক্লাস নেয়া হয়।

## • SSC Preparation full course

জীবনের প্রথম বড় পরীক্ষা এসএসসির জন্যে স্কুলের শিক্ষার্থীদের  পূর্ণাঙ্গ প্রস্তুতি।

## • HSC First year course

প্রথম বর্ষের প্রতিটি বিষয়ের গভীর এবং বিস্তারিত পাঠদান থাকবে এখানে। শুধু তাই না, অ্যাপের মাধ্যমে প্রতিজনের জন্যে বিশেষায়িত পরীক্ষা, গেমিফিকেশন মডেলের মাধ্যমে খেলার আঙ্গিকে শিক্ষাপ্রদান এবং চিন্তাভাবনা করতে সহায়তা করার জন্যে নানারকম প্রক্রিয়া থাকছে। ৩টি মডিউলে প্রথম বর্ষের সিলেবাস সম্পন্ন হয়।

## • HSC 2nd year course

এইচএসসি দ্বিতীয় বর্ষের জন্যে বিশেষায়িত এবং বিস্তারিত কোর্স। এটিতেও অ্যাপের মাধ্যমে বিশেষায়িত পরীক্ষা, গেমিফিকেশন মডেলের মাধ্যমে খেলার আঙ্গিকে শিক্ষাপ্রদান এবং চিন্তাভাবনা করতে সহায়তা করার জন্যে নানারকম প্রক্রিয়া থাকছে। ৩টি মডিউলে দ্বিতীয় বর্ষের সিলেবাস সম্পন্ন হয়।

# আমাদের কোর্সের বিশেষত্ব

- লাইভ ক্লাস
- MCQ এক্সাম
- সৃজনশীল এক্সাম
- হাতে কলমে পরীক্ষণ
- ইউনিক এক্সাম সিস্টেম
- আন্তর্জাতিক মান সম্পন্ন নোট
- অ্যানিমেশন ও সিমুলেশনের মাধ্যমে ক্লাস
- প্রবলেম সলভিং & কনসেপ্ট ক্লিয়ারিং ক্লাস

# এক ঝলকে সকল বিজ্ঞানবাক্স

English version available



আলোর ঝলক

এক্সপেরিমেন্ট সংখ্যা ৮টি

English version available



তড়িৎ তান্ডব

এক্সপেরিমেন্ট সংখ্যা ২০টি

English version available



অদ্ভুত মাপজোখ

এক্টিভিটি সংখ্যা ৫০+

English version available



চুম্বকের চমক

এক্সপেরিমেন্ট সংখ্যা ২৬টি



চুম্বকের চমক - Special Edition

এক্টিভিটি সংখ্যা ২৩+

English version available



রসায়ন রহস্য

এক্সপেরিমেন্ট সংখ্যা ২০টি



ট্যানগ্রাম

বিখ্যাত চাইনিজ Puzzle-ট্যানগ্রাম



ক্যাপ্টেন কিউরিয়াস

এক্টিভিটি সংখ্যা ২টি

English version available



ফোকাস চ্যালেঞ্জ

ধৈর্য ও মনোযোগ বৃদ্ধির গেম।



শব্দকল্প

এক্সপেরিমেন্ট সংখ্যা ১৭টি



পঞ্চম শ্রেণির বিজ্ঞানবাক্স

এক্সপেরিমেন্ট সংখ্যা ২৮টি

# কাস্টমার ফিডব্যাক

**Shanta Sharmin** reviewed OnnoRokom BigganBaksho : অন্যরকম বিজ্ঞানবাক্স — 5★
February 2, 2017 ·

বিজ্ঞানবাক্স আমার জীবনের অন্যতম সেরা উপহার। অন্যরকম বিজ্ঞানবাক্সের 'চুম্বকের চমক'। আমি যেদিন এটি হাতে পেয়েছিলাম,আমি সেদিন এত খুশি হয়েছিলাম, যেটা বলার বাইরে। অনেক সহজ সহজ ও ছোট ছোট এক্সপেরিমেন্ট নিজের হাতে করতে পেরে আমরা খুব আনন্দ পেয়েছিলাম। বিশেষ করে চুম্বকের বলরোখা যেটা বই এ পরেছি , কিন্তু নিজের হাতে সেটা তৈরি করতে পারিনি। বিজ্ঞানবাক্স তা আমাকে শিখিয়েছে। আমার ছোট বোনও বিজ্ঞানবাক্স পেয়ে খুশি হয়ে মায়ের কাছে অন্য দুটো বিজ্ঞানবাক্স (আলোর ঝলক, তড়িৎ তান্ডব) আবদার করে। পরবর্তীতে... See More

**Mahmudul Hasan Sadi** reviewed OnnoRokom BigganBaksho : অন্যরকম বিজ্ঞানবাক্স — 5★
September 24, 2017 ·

অসাধারণ একটা প্রোডাক্ট, একদম ঝাক্কাস। সফলতা কামনা করি......

**Farhan Fuad Chy** reviewed OnnoRokom BigganBaksho : অন্যরকম বিজ্ঞানবাক্স — 5★
April 9, 2017 ·

কিছু দিন আগে একটি বিজ্ঞানবাক্স অদ্ভুত মাপঝুক কিনলাম।কিনে এক্সপেরিমেন্ট করলাম সবার সাথে।পরের দিন স্কুল থেকে এসে দেখলাম যা আমাকে অজ্ঞান করার মতো।আমার ছোট বোন চিৎকার চেচামেচি বানাল।আমি এত খুশি হলাম যে চোখ দিয়ে পানি পরে গেল। আমি জানি না বিজ্ঞানবাক্স তুমি কে।তবে জানি তুমি একজন সাধারণ মানুষকে legend বানানোর ব্রিজ।স্যালুট তোমাদের।

**Sufia Mirza** reviewed OnnoRokom BigganBaksho : অন্যরকম বিজ্ঞানবাক্স — 5★
April 25 ·

এটি শিশুদের শুধু নির্মল আনন্দই দেবেনা, বিজ্ঞানমনস্কও করবে৷৷ তার সৃজনশীল ক্ষমতার উন্মেষ ঘটিয়ে হয়ত সেও চমকপ্রদ এমনি বা আরো বড় কিছু উদ্ভাবন করে ফেলতে পারে!!!! ধন্যবাদ, এমন উদ্যোগ গ্রহণ করার জন্য৷৷

**Sheuly Hasan** reviewed OnnoRokom BigganBaksho : অন্যরকম বিজ্ঞানবাক্স — 5★
April 16, 2017 ·

I think this is good for child.......My son also buyed a bigganbaksho......so many thanks to bigganbaksho team for make this creative thing for child...go ahead bigganbaksho

**Taiser Farjana** recommends OnnoRokom BigganBaksho : অন্যরকম বিজ্ঞানবাক্স.
August 17 ·

আজকে "আলোর ঝলক" বক্সটি হাতে পেলাম। অনেক ভাল লেগেছে। বাচ্চারা খেলতে খেলতে হলেও নতুন কিছু শিখবে।

**Pollen Siddiqui** reviewed OnnoRokom BigganBaksho : অন্যরকম বিজ্ঞানবাক্স — 5★
January 5 ·

বাচ্চাদের বিজ্ঞান শিখার জন্য শ্রেষ্ঠ মাধ্যম হচ্ছে অন্যরকম বিজ্ঞানবাক্স.....

# সংখ্যায়
# অন্যরকম এডটেক লিমিটেড

৪০০০+ স্কুলে ক্যাম্পেইন

১০,০০০,০০ শিক্ষার্থীকে হাতে- কলমে
বিজ্ঞান পরীক্ষণ প্রদর্শন

৫,০০,০০০ অভিভাবক নিয়েছেন সায়েন্স কিট
বিজ্ঞানবাক্স

উৎকর্ষের কোর্সের সাথে সংযুক্ত হয়েছে ২০০০+ শিক্ষার্থী

# পরিচালক পরিষদ



## মাহমুদুল হাসান সোহাগ

B.Sc. Engr. (EEE, BUET)

মাহমুদুল হাসান সোহাগ একজন আলোচিত বাংলাদেশী উদ্যোক্তা। তিনি স্বপ্ন দেখেন দেশীয় প্রযুক্তিতে বাংলাদেশকে গড়ার। বাংলাদেশে সর্বপ্রথম ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) তার প্রতিষ্ঠান পাই ল্যাবসের মাধ্যমেই কার্যক্রম শুরু করে। তিনি বাংলাদেশ গণিত অলিম্পিয়াডের একাডেমিক কাউন্সিলের সদস্য। তার পরিচালিত প্রতিষ্ঠানগুলি হলো-

- অন্যরকম ইলেকট্রনিক্স
- অন্যরকম সফটওয়্যার
- অন্যরকম এডটেক লিমিটেড
- অন্যরকম প্রকাশনী
- অন্যরকম ওয়েব সলিউশনস



## মুহাম্মাদ আবুল হাসান লিটন

B.Sc. Engr. (CSE, BUET)

মুহাম্মদ আবুল হাসান লিটন বাংলাদেশের একজন শিক্ষা অনুরাগী। তিনি স্বপ্ন দেখেন দেশীয় প্রযুক্তিতে বাংলাদেশকে গড়ার। বাংলাদেশে সর্বপ্রথম ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) তার প্রতিষ্ঠান পাই ল্যাবসের মাধ্যমেই কার্যক্রম শুরু করে।



## রাতুল খান

B.Sc. Engr. (EEE, BUET)

রাতুল খান বর্তমানে অন্যরকম এডটেক লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে কাজ করছেন। ১২ বছর ধরে শিক্ষকতা পেশায় নিয়োজিত আছেন। পদার্থ বিজ্ঞান বিষয়ে বেশ কিছু পাঠকপ্রিয় বইয়ের রচয়িতা। শিক্ষক হিসেবে পেয়েছেন অসামান্য জনপ্রিয়তা।

# টিম পরিচিতি



**হেড অফ এইচ আর**
মোঃ আব্দুল্লাহ্ আল শাফি



**হেড অফ গ্রোথ**
ফাহিম বিন ফারুক



**হেড অফ আইটি**
মাসুম হাবিব



**হেড অফ ভিডিও প্রোডাকশন**
মোঃ নূর রহমান রুকন



**হেড অফ ফাইন্যান্স এন্ড একাউন্টস**
কাওসার আহ্‌মেদ



**হেড অফ মার্কেটিং**
আবিদ মাহমুদ আদনান

2/1/E Eden Complex, Arambagh
Motijheel, Dhaka-1000
+88 096 13 715 715

www.bigganbaksho.com
www.utkorsho.tech
hello@utkorsho.tech

অন্যরকম গ্রুপ

OEL
অন্যরকম এডটেক
লিমিটেড

রকমারি.com

Pi Labs
Bangladesh Ltd.

TECHSHOP
bd.com

ONNOROKOM
SOFTWARE LTD.

অন্যরকম
প্রকাশনী

অন্যরকম
সল্যুশনস লিঃ

অন্যরকম
ইলেকট্রনিক্স কোং লিঃ